দৈনিক সংবাদ

তারিখ 24 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# উপাচার্য প্যানেল নির্বাচিত

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ২৩শে জুন।— চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিনেটের ৫ম বিশেষ সভায় আজ উপাচার্য প্যানেল নির্বাচন করা হয়েছে। বিকেলে উপাচার্য আলমগীর মুহম্মদ সিরাজউদ্দিনের সভাপতিত্বে শহীদ মোজাম্মেল মিলনায়তনে অনুষ্ঠিত সিনেট সভায় মোট ১০৩ জন সদস্যের মধ্যে ৮৩জন উপস্থিত ছিলেন। অবশ্য ছাত্র সংসদ না থাকায় সিনেটে ৫টি ছাত্র প্রতিনিধি আসন শূন্য রয়েছে।

তিন সদস্যের উপাচার্য প্যানেলের নির্বাচনে মোট ৪জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। এর মধ্যে নির্বাচিত তিনজন হলেন, বর্তমান উপাচার্য আলমগীর মোহাম্মদ সিরাজ উদ্দিন (৭১ ভোট), অধ্যাপক রফিকুল ইসলাম চৌধুরী (৩৮ ভোট) এবং বর্তমান উপ-উপাচার্য আলী ইমদাদ খান (২৭ ভোট)। উপ-উপচার্য আলী ইমদাদ খান এককভাবে প্রতিদ্বন্দ্বিতা করেন। বর্তমান উপাচার্যের প্যানেল প্রার্থী ডঃ সিকান্দার খান নির্বাচিত হতে পারেননি। তিনি মোট ২২ ভোট পেয়েছেন।

উল্লেখ্য, বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর নির্বাচিত তিন সদস্যের উপাচার্য প্যানেল থেকে একজনকে উপাচার্য হিসেবে নিয়োগ করবেন।